



স্মারক নং : ১৫.৫৫.০০০০.৩০৪.২৫.২২০.২২. ২০২২


তারিখ : ৮ জুন ২০২২ খ্রি.

প্রেস রিলিজ

ঢাকা, ০৮ জুন ২০২২ খ্রি.

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়স্বতন্ত্র জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আয়োজিত ০৩ (তিন) দিনব্যাপী মিডিয়ার জন্য ইস্যুভিত্তিক কর্মশালার সমাপন ও সনদপত্র অনুষ্ঠান ০৮ জুন ২০২২ খ্রি. বিকাল ৩:০০ টায় ইনস্টিটিউটের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। কর্মশালাটিতে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়সহ এর বিভিন্ন দপ্তর, কমিউনিটি বেতার এবং বেসরকারী টিভি মোট ১৯ জন গণমাধ্যম কর্মী অংশগ্রহণ করেন। তন্মধ্যে ০৯ জন কমিউনিটি রেডিও, ৬ জন সরকারি কর্মকর্তা ও ৪ জন বেসকারী টেলিভিশন চ্যানেলের সাংবাদিকবৃন্দ প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানটির সভাপতিত্ব করেন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক, জনাব শাহিন ইসলাম, এনডিসি। এছাড়াও উপস্থিত ছিলেন অতিরিক্ত মহাপরিচালক জনাব ফায়জুল হক, পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল) ও সহকারী প্রকল্প পরিচালক জনাব মো. নজরুল ইসলাম এবং এ প্রতিষ্ঠানের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

প্রশিক্ষণার্থীদের হাতে কলমে পাঠদানের মাধ্যমে মিডিয়ার জন্য ইস্যুভিত্তিক বিভিন্ন বিষয় নিয়ে প্রশিক্ষণ প্রদান ও পেশাগত বিষয়ে পারদর্শী হিসেবে গড়ে তোলাই এ কর্মশালার মূল লক্ষ্য ছিল।


৫. ৬. ২২
(আবদুল হান্নান)
গণসংযোগ কর্মকর্তা
ফোন : ৫৫০৭৯৪৩৮-৪২

বিতরণ :

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা।
- ২। মূখ্য বার্তা সম্পাদক/ চীফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন/ বাংলাদেশ বেতার/ বাংলাদেশ সংবাদ সংস্থা/ এটিএন বাংলা/ চ্যানেল আই/ একুশেটিভি/ এনটিভি/ সময় টিভি/দৈনিক ইত্তেফাক/ দৈনিক জনকণ্ঠ/ দৈনিক প্রথম আলো/ দৈনিক যুগান্তর/বাংলাদেশ প্রতিদিন/দৈনিক ভোরের পাতা/ দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের কাগজ।
- ৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। কার্যালয় নথি।